

সিলেবাস পরিবর্তন করে কওমী মাদ্রাসার সনদকে সরকারী স্বীকৃতি দিন

-ইসলামী ছাত্র সমাজ

চট্টগ্রাম ব্যুরো : বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক গণমুখী ইসলামী শিক্ষা বাস্তবায়ন, সনদাস, দুর্নীতি দমন ও কওমী মাদ্রাসা শিক্ষা সনদকে সরকারী স্বীকৃতি প্রদানের দাবীতে গত মঙ্গলবার হাটহাজারী উপজেলা ইসলামী ছাত্র সমাজের উদ্যোগে স্থানীয় ডাকবাংলা প্রাঙ্গণে বিশাল কর্মী সম্মেলন থানা সহসভাপতি এম. আব্দুল হাশেমের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সম্মেলন উদ্বোধন করেন ইসলামী ছাত্র সমাজের প্রতিষ্ঠাতা ছাহেবজাদা মাওলানা হোসাইন মুহাম্মদ উইনুহ।

সম্মেলনে প্রধান অতিথি ছিলেন রাবেতা আল আদব আল ইসলামী বাংলাদেশের চেয়ারম্যান হযরত আব্দামা সুলতান যওক নদভী। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ নেজামে ইসলাম পার্টির কেন্দ্রীয় সিনিয়র সহসভাপতি আব্দামা সাঈয়দ আবদুল মালেক হালিম। বিশেষ অতিথির বক্তব্য রাখেন ইসলামী ছাত্র সমাজের প্রাক্তন কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক আ.ফ.ম. খালিদ হোসেন ও ইসলামী ঐক্যজোট এবং নেজামে ইসলাম পার্টির চট্টগ্রাম নগর সভাপতি আবদুর রহমান চৌধুরী, নেজামে ইসলাম পার্টির উত্তর জেলা সহসভাপতি শাহ আলম চৌধুরী, ইসলামী ঐক্যজোট উত্তর জেলা সাধারণ সম্পাদক মাওলানা হাফেজ মোহাম্মদ ইনরাসীল, নগর যুগ্ম সাধারণ সম্পাদক মাওলানা আ.ন.ম. রহিমুল্লাহ।